

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, অক্টোবর ১৭, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
(মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক)

প্রজ্ঞাপন

তারিখ: ০১ কার্তিক, ১৪৩১ বঙ্গাব্দ/১৭ অক্টোবর, ২০২৪ খ্রিষ্টাব্দ

এস.আর.ও. নং ৩৫৫-আইন/২০২৪/২৬১-মুসক।—সরকার, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর প্রথম তফসিলভুক্ত পণ্যসমূহের মধ্যে নিম্নবর্ণিত টেবিলের কলাম (১) এ উল্লিখিত শিরোনামা (Heading) এর বিপরীতে কলাম (২) এ উল্লিখিত সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) এর আওতাধীন কলাম (৩) এ বর্ণিত পণ্যসমূহের স্থানীয় উৎপাদন ও ব্যবসায়ী পর্যায়ে উহাদের উপর আরোপণীয় সমুদয় মূল্য সংযোজন কর হইতে অব্যাহতি প্রদান করিল, যথা:—

টেবিল

| শিরোনামা (Heading) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) | পণ্যসমূহের বিবরণ (Description) |
|-------------------------|---|---|
| (১) | (২) | (৩) |
| ১৫.০৭ ১৫.১১ ১৫.১৮ | সংশ্লিষ্ট সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) | পরিশোধিত সয়াবিন তেল ও পরিশোধিত পাম তেল |

২। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে এবং ইহা ১৫ ডিসেম্বর, ২০২৪ খ্রিষ্টাব্দ তারিখ পর্যন্ত বলবৎ থাকিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ আবদুর রহমান খান এফসিএমএ
সচিব।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব) বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(২৭৪৪৫)

মূল্য : টাকা ৪.০০